# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 30-08-2026 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশজুড়ে উন্নত ভারতের জন্য নেশা মুক্ত যুবসমাজ অভিযান গতি লাভ করেছে।

# আকাশবাণীতে আজ “মন কি বাত”-এর ১৩৭ তম পর্বে তিনি, মাদকমুক্ত সমাজ গঠনে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

২/ প্রধানমন্ত্রী স্বনিধি যোজনার সঙ্গে দেশজুড়ে প্রায় ৩৫ লক্ষ মহিলা যুক্ত হয়ে আত্মনির্ভর হয়ে উঠেছেন বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন।

# আসন্ন উৎসবের মরশুমে আরও একবার দেশে তৈরি পণ্য ব্যবহারের কথা শ্রী মোদী স্মরন করিয়ে দিয়েছেন।

৩/ উজবেকিস্তান সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তাসখন্দে সেদেশের রাষ্ট্রপতি শাওকাত মিরজিওয়েভের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে করেছেন।

৪/ নেপালে বিধ্বংসী হড়পা বানে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৭৩৪ ।

# বন্যা বিধ্বস্ত নেপালে, ভারত ৬৮ দশমিক ৫ মেট্রিক টন ত্রাণসামগ্রী পাঠিয়েছে।

৫/ মহিলাদের T-20 এশিয়া কাপ ক্রিকেটে ভারত আজ থাইল্যান্ডের বিরুদ্ধে প্রথম ম্যাচে খেলতে নামবে।

ooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশজুড়ে উন্নত ভারতের জন্য নেশা মুক্ত যুবসমাজ অভিযান গতি লাভ করেছে। আকাশবাণীতে আজ “মন কি বাত”-এর ১৩৭

তম পর্বে শ্রী মোদী বলেন, মাদকমুক্ত যুব সমাজ ও নেশা মুক্ত ভারত গড়ার লক্ষ্যে এই অভিযানে বহু মানুষ বিশেষ করে তরুণরা বিপুল সংখ্যায় শামিল হচ্ছেন। যুব সমাজের সুস্বাস্থ্য, সমৃদ্ধি এবং উন্নত ভবিষ্যতের জন্য এই সম্মিলিত উদ্যোগের প্রশংসা করেন তিনি। মাদকাশক্তি কেবলমাত্র একজন ব্যক্তিকেই ধ্বংস করে না, এর পরিণাম সম্পূর্ণ পরিবার এবং গোটা সমাজকেই ভুগতে হয়। মাদকমুক্ত ভারত গড়ার অন্য সকলকে এগিয়ে আসার আহ্বান জানান শ্রী মোদী।

**বাইট-প্রধানমন্ত্রী(নেশা মুক্ত যুব)**

PM স্বনিধি যোজনার মাধ্যমে লক্ষ লক্ষ মহিলা স্বনির্ভর হয়ে উঠছেন বলে প্রধানমন্ত্রী জানান। দেশজুড়ে প্রায় ৩৫ লক্ষ মহিলা এই প্রকল্পের সঙ্গে যুক্ত হয়ে নিজের ব্যবসার প্রসার ঘটিয়েছেন। এ প্রসঙ্গে তিনি, উত্তরপ্রদেশের গাজিয়াবাদের ববিতা শর্মা এবং বেঙ্গালুরুর T S নিনগাম্মা-র কথা উল্লেখ করেন। তিনি বলেন, একজন মহিলার ব্যবসার প্রসার ঘটলে তাঁর পরিবারের ভবিষ্যৎ শক্তিশালী হয়, সন্তানরা উন্নত শিখার সুযোগ পায়, সংসারের প্রয়োজনও মেটে।

**বাইট-প্রধানমন্ত্রী(স্বনিধি)**

আজকের মন কি বাতে শ্রী মোদী স্বচ্ছতার গুরুত্ব তুলে ধরে বলেন, কোনও একটি স্থান পরিচ্ছন্ন রাখার সংকল্প সেই জায়গার পরিচিতিকেই আমূল বদলে দেয়। দেশের বিভিন্ন প্রান্তে স্বচ্ছতা বিষয়ক যাবতীয় প্রচেষ্টা সকলকে অনুপ্রেরণা যোগায়। সম্প্রতি অমরনাথ যাত্রায় ৪ শো মেট্রিক টনের বেশি বর্জ্য সংগ্রহ ও প্রক্রিয়াকরণ করা হয়েছে। উত্তরপ্রদেশের পাটওয়াই-তে আকাশ এবং রোহণ নামে দুই যুবক নদীঘাট সহ বিভিন্ন স্থান পরিস্কার পরিচ্ছন্ন রাখার কাজে অংশ নিয়ে দৃষ্টান্ত তৈরি করেছে।

**বাইট-প্রধানমন্ত্রী(স্বচ্ছতা)**

বর্তমানে দেশের মেয়েদের স্বপ্নের উড়ান পৃথিবী ছাড়িয়ে মহাকাশ পর্যন্ত বিস্তৃত হচ্ছে বলে উল্লেখ করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, মেয়েদের ক্ষমতায়নে গৃহীত উদ্যোগ

মিশন শক্তিস্যাটের মাধ্যমে ১০৮ টি দেশের ১২ হাজার ছাত্রী স্যাটেলাইট প্রযুক্তি শেখার ও উদ্ভাবনের সুযোগ পাচ্ছেন।

**বাইট-প্রধানমন্ত্রী(শক্তিস্যাট)**

ভারত ছাড়ো আন্দোলন, স্বাধীনতা দিবস, দেশ বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস, জাতীয় হস্তচালিত তাঁত দিবস ও জাতীয় মহাকাশ দিবস সহ একাধিক কারণে চলতি মাস বিশেষ গুরুত্বপূর্ণ বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, এর সঙ্গে জাতীয় স্তোত্র বন্দে মাতরমের সার্ধশতবর্ষ পূর্তি চলতি বছরকে আরও স্মরণীয় করে তুলেছে। এবছর ৮ কোটিরও বেশি তিরঙ্গা সেলফি আপলোড করা হয়েছে। সূর্যপথ তিরঙ্গা কর্মসূচীর মাধ্যমে চলতি বছরে জাতীয় পতাকা বিশ্বজুড়ে এক অনন্য যাত্রায় শামিল হয়েছে।

ফিজির শুভাতে ভোরের প্রথম আলয় ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলিত হয়েছে। এরপর এশিয়া, আফ্রিকা ও ইউরোপ জুড়ে অবস্থিত ভারতীয় দূতাবাসগুলিতেও উত্তোলন করা হয়েছে।

(বাইট – তিরঙ্গা)

শ্রী মোদী মুম্বাইয়ের কৃষ্ণা শেষাদ্রির কথা আজকের মন কি বাতে সকলের স্মানে তুলে ধরেন। তিনি একটি অনন্য ওয়েবসাইট তৈরি করেছেন যেখানে কোনও একটি বছর নির্বাচন করলে, সেই সময় ভারতে কোন শাসকের রাজত্ব ছিল, তা সহজেই জানা যাচ্ছে। www.bhartrajya.com এই ওয়েবসাইটটির মাধ্যমে শুধু ইতিহসের ছাত্রছাত্রীরাই উপকৃত হচ্ছেন না, সাধারণ মানুষও দেশের অতীত সম্পর্কে জানতে পারছেন।

প্রধানমন্ত্রী বলেন, আগামী তেসরা সেপ্টেম্বর, কিংবদন্তি মহানায়ক উত্তম কুমারের জন্মশতবার্ষিকী উদযাপিত হবে। তিনি বলেন, উত্তম কুমারের বহুধাবিস্তৃত অভিনয়প্রতিভা মানুষের হৃদয়ে চিরকাল বিরাজ করবে। উত্তম কুমারের কথা ভেবেই,

বিখ্যাত চিত্রপরিচালক সত্যজিৎ রায়, তাঁর "নায়ক" সিনেমার চিত্রনাট্য রচনা করেছিলেন বলেও শ্রী মোদী উল্লেখ করেন।

উৎসবের মরশুমে আরও একবার দেশে তৈরি পণ্য ব্যবহারের কথা স্মরণ করিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, "ভোকাল ফর লোকাল"-এর দৃষ্টিভঙ্গি স্থানীয় পণ্যের বাজারকে প্রসারিত করে। এর মাধ্যমে আত্মনির্ভর হয়ে ওঠার পথও প্রশস্ত হয়।

oooooooooooooooooooooooo

উজবেকিস্তান সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তাসখন্দে সেদেশের রাষ্ট্রপতি শওকাতমিরজিওয়েভের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। রাষ্ট্রপতি প্রাসাদে আয়োজিত এই বৈঠকে উভয় নেতা ব্যবসা বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা, ডিজিটাল যোগাযোগ, জ্বালানি, শিক্ষা এবং জনগণের মধ্যে পারস্পরিক যোগাযোগের ক্ষেত্রে সহযোগিতার বিষয়গুলি পর্যালোচনা করছেন। বৈঠক শেষে কয়েকটি সমঝোতা স্মারক পত্র-মৌ স্বাক্ষরিত হওয়ার কথা রয়েছে।

প্রধানমন্ত্রী আজ প্রথমে 'যোগ ফেডারেশন অফ উজবেকিস্তান'-এর আয়োজনে একটি যোগাসনের কর্মসূচিতে অংশ নেন। এরপর তিনি রাষ্ট্রপতি প্রাসাদে পৌঁছালে তাঁকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো হয় ।

oooooooooooooooooooooooo

নেপালে হড়পা বানে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৭ শো ৩৪। ৩২০ জন বিদেশি নাগরিক সহ প্রায় আড়াই হাজার মানুষ এখনও নিখোঁজ। বিপর্যয়ের পঞ্চম দিনে আজও নিখোঁজদের সন্ধানে তল্লাশি চলছে। ক্ষতিগ্রস্ত ৮ টি জেলা থেকে মৃতদেহ উদ্ধার হয়েছে। নেপালের জাতীয় দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে চিতোয়ান থেকে ২৫৯, পূর্ব নাওয়াল পরাসি থেকে ১৮৪, পশ্চিম নওয়াল পরাসি থেকে ৮২ এবং গোর্খা জেলা থেকে ৫৮ টি দেহ উদ্ধার হয়েছে। দুর্যোগ কবলিত জেলাগুলি থেকে ৮ হাজার ১

শো ৮৬ জনকে নিরাপদ দূরত্বে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। নেপাল সরকার ভোতে কোশী নদীতে নতুন করে বন্যার সতর্কতা জারি করেছে।

বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন, নেপালে আকস্মিক বন্যার বিপর্যয়ের পর এপর্যন্ত ১০৮ জন ভারতীয় নাগরিককে উদ্ধার করা হয়েছে। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী জয়সওয়াল জানান, প্রায় ৫০ জন ভারতীয় নাগরিকের সঙ্গে পুনরায় যোগাযোগ করা সম্ভব হয়েছে। ২৭৫ জন ভারতীয় নাগরিক নিখোঁজ রয়েছেন বলে খবর। ভারতীয় বংশোদ্ভূত প্রায় ১২৮ জন, বিদেশী নাগরিকও এখনও নিখোঁজ।

হড়পা বানে ক্ষতিগ্রস্ত নেপালে ত্রাণ ও উদ্ধারকাজে ভারত নিরবচ্ছিন্ন সহায়তা প্রদান করছে। সমাজমাধ্যমে এক বার্তায় বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর জানান, ত্রাণসামগ্রী এবং উদ্ধার কাজে সহায়তার জন্য প্রয়োজনীয় সামগ্রী ও কারিগরি সরঞ্জাম ওই বিমানে পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বন্যা বিধ্বস্ত নেপালে ভারত ৬৮ দশমিক ৫ মেট্রিক টন ত্রাণসামগ্রী পাঠিয়েছে। একই সঙ্গে উদ্ধারকাজে সহায়তার জন্য কারিগরি দল, ফরেন্সিক বিশেষজ্ঞ এবং প্রয়োজনীয় সরঞ্জামও পাঠানো হয়েছে। বিদেশ মন্ত্রক সামাজিক মাধ্যমে এক পোস্টে জানিয়েছে, ১১ টন ত্রাণসামগ্রী নিয়ে চতুর্থ বিমানটি আজই ভারত থেকে নেপাল পৌঁছেছে।

কাঠমান্ডুতে অবস্থিত ভারতীয় দূতাবাস এক বিবৃতিতে জানিয়েছে, নুয়াকোট জেলার ত্রিশূলী এলাকায় জলবিদ্যুৎ প্রকল্পের সুড়ঙ্গে উদ্ধারকাজ চালানোর জন্য এ সংক্রান্ত একটি বিশেষজ্ঞ দল পাঠানো হয়েছে। হড়পা বানের জেরে ওই সুড়ঙ্গতে বেশ কয়েকজন কর্মী আটকে পড়েছেন বলে খবর।

DNA পরীক্ষার জন্য ভারত থেকে ইতমধ্যেই ফরেন্সিক বিশেষজ্ঞ ও প্রয়োজনীয় সরঞ্জাম সেখানে পৌঁছেছে। বন্যা কবলিত এলাকায় যোগাযোগ ব্যবস্থায় স্বাভাবিক করার লক্ষ্যে ৪২ টি বেইলি ব্রিজ তৈরি জন্য সহযোগিতা চেয়েছে নেপাল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নেপাল সীমান্তের কাছে তিব্বতে হড়পা বানে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১৬। চীনা কর্মকর্তাদের তথ্য অনুযায়ী, বেশ কয়েকজন ভারতীয়সহ ৫৪৬ জন এখনও নিখোঁজ।

তিব্বতের গিরং কাউন্টিতে ত্রাণ ও উদ্ধারকাজে যুক্ত চীনা কর্মকর্তারা জানিয়েছেন, নিখোঁজ ব্যক্তিদের মধ্যে ২৩টি দেশের ২৬১ জন বিদেশি নাগরিক রয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চীনে ভারতীয় দূতাবাস জানিয়েছে, হড়পা বানে নিখোঁজদের সম্পর্কে তথ্য জানতে বা ক্ষতিগ্রস্ত বিদেশী নাগরিকদের সাহায্যের জন্য তিব্বত স্বায়ত্তশাসিত অঞ্চল কর্তৃপক্ষ দুটি বিশেষ ২৪-ঘণ্টার হটলাইন নম্বর খুলেছে।

এগুলি হল- 0086-891-6817165 এবং 0086-183-0802-6705।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অবিরাম বৃষ্টির জেরে বালেশ্বরে সুবর্ণরেখা নদীর জলস্তর ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় উত্তর ওড়িশায় নতুন করে বন্যার আশঙ্কা দেখা দিয়েছে। উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিমবঙ্গ ও উত্তর ওড়িশা উপকূলের ওপর সৃষ্ট একটি নিম্নচাপের প্রভাবে এই বৃষ্টিপাত হচ্ছে। এই নিম্নচাপটি আরও ঘনীভূত হয়ে পশ্চিম, উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হওয়ার সম্ভাবনা রয়েছে বলে IMD জানিয়েছে। আবহাওয়া দফতর ওড়িশায়

আজ ও আগামীকাল অত্যন্ত ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে এবং মঙ্গলবারও সেখানে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে।

ঝাড়খণ্ডের গালুডিহ ব্যারাজের ৬ টি গেট খুলে দেওয়া হয়েছে, যার ফলে নদীতে জলস্তর আরও বেড়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। জলেশ্বর, ভোগরাই ও বালিয়াপালের নিচু এলাকাগুলি নতুন করে প্লাবিত হতে পারে।

এদিকে, ভারতের আবহাওয়া দফতর-IMD আজ ওড়িশায় অতি ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের লাল সতর্কতা জারি করেছে। এছাড়া আগামীকাল পর্যন্ত হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ড, পূর্ব উত্তর প্রদেশ, বিহার, পূর্ব মধ্য প্রদেশ, ঝাড়খণ্ড, পশ্চিমবঙ্গ এবং উত্তর-পূর্বাঞ্চলের কিছু অংশে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।

আবহাওয়া দপ্তর জানিয়েছে, আগামীকাল পর্যন্ত জম্মু-কাশ্মীর, পশ্চিম মধ্য প্রদেশ এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বজ্রসহ বৃষ্টি ও বজ্রপাতের পরিস্থিতি অব্যাহত থাকবে।

ooooooooooooooooooooooooo

মহিলাদের টি টোয়েন্টি এশিয়া কাপ ক্রিকেটে ভারত আজ থাইল্যান্ডের বিরুদ্ধে প্রথম ম্যাচে খেলতে নামবে। দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে, ভারতীয় সময় রাত সাড়ে ৮ টায়।

ooooooooooooooooooooooooo

পুরুষদের FIH হকি বিশ্বকাপ-এর ফাইনালে, বেলজিয়ামের ওয়াভরে-তে বেলফিয়াস হকি অ্যারেনায় বর্তমান চ্যাম্পিয়ন জার্মানি, স্পেনের বিরুদ্ধে খেলবে। ভারতীয় সময় রাত ৮ টায় এই ম্যাচটি শুরু হওয়ার কথা। জার্মানি, চতুর্থবারের মতো চ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্য নিয়ে মাঠে নামবে, সেখানে স্পেন তাদের প্রথম হকি বিশ্বকাপ ট্রফি জয়ের লক্ষ্যে লড়াই করবে।

এদিকে, গতকাল আমস্টেলভিনে অনুষ্ঠিত **মহিলাদের** FIH **বিশ্বকাপ ফাইনালে,** আর্জেন্টিনা, নেদারল্যান্ডসকে হারিয়ে খেতাব জিতেছে। নির্ধারিত সময়ে খেলা **১-১** গোলে শেষ হওয়ার পর পেনাল্টি শুট-আউটে, আর্জেন্টিনা **৩-১** ব্যবধানে নেদারল্যান্ডসকে পরাজিত করে।

oooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo